

# ফসলে জৈবসার ব্যবহারের গুরুত্ব

জৈব সার মাটির উর্বরতা বাড়ায়, গঠন উন্নত করে ও পানি ধারণক্ষমতা বৃদ্ধি করে। এটি পরিবেশবান্ধব এবং গাছের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে সাহায্য করে। দীর্ঘমেয়াদী উপকার ও মাটির জীবাণু বৃদ্ধিতেও এর গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

- ▶ জৈব সার মাটির প্রাণ।
- ▶ গোবর সার, কম্পোস্ট, ভার্মিকম্পোস্ট, ট্রাইকোকম্পোস্ট, সবুজ সার সহ বিভিন্ন ধরনের জৈবসার মাটিতে ব্যবহার করা যায়।
- ▶ এটি মাটির অণুজীবের কার্যক্ষমতা বৃদ্ধি করে ফলে গাছ মাটিতে প্রয়োগকৃত রাসায়নিক সার সহজেই গ্রহণ করতে পারে।
- ▶ এটি মাটির অল্পত্ব হ্রাস করতে সহায়তা করে।
- ▶ এটি মাটির পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি করে। ফলে মাটিতে জৈব সার ব্যবহার করলে সেচ তুলনামূলক কম লাগে।
- ▶ জৈব সার নাইট্রোজেন, ফসফরাস, পটাশিয়াম, সালফার সহ বিভিন্ন ধরনের অনুখাদ্য মাটিতে সরবরাহ করে মাটির উর্বরতা বৃদ্ধি করে। ফলে জৈব সার ব্যবহারে রাসায়নিক সার পরিমাণে কম লাগে।
- ▶ জৈব সার মাটির ভেতরে বাতাস ও পানির চলাচল সহজ করে ফলে ফসলের শিকড় ভালভাবে বৃদ্ধি হতে পারে যা গাছের পুষ্টি ও পানি গ্রহণ ক্ষমতা বৃদ্ধি করে।
- ▶ জৈব সারের মধ্যে অবস্থিত পুষ্টি উপাদান ধীরে ধীরে গাছ গ্রহণ করে ফলে ফসল তার সমগ্র জীবনকালে সুস্বভাবে বেড়ে উঠতে পারে।
- ▶ এটি মাটির বুনটকে দূচ করে ফলে মাটির ক্ষয় কম হয় এবং ফসলে প্রদানকৃত সারের অপচয় কম হয়।

বিস্তারিত তথ্যের জন্য:

আপনার নিকটস্থ উপজেলা কৃষি অফিস অথবা উপসহকারী কৃষি কর্মকর্তার সাথে যোগাযোগ করুন



প্রচারে: কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর



